# প্রতিবাদ ও সতর্কীকরণ

সম্প্রতি বিভিন্ন অনলাইন মিডিয়া, ব্লগ ও সামাজিক যোগাযোগমাধ্যমে এস. আলম গ্রুপ এবং এর সম্মানিত পরিচালকবৃন্দকে উদ্দেশ্য করে কিছু অসত্য, ভিত্তিহীন এবং উদ্দেশ্যপ্রণোদিত বক্তব্য, অভিযোগ ও ইঙ্গিত প্রকাশ করা হচ্ছে। এসব কনটেন্টে যে ধরনের অভিযোগ, ইঙ্গিত ও মন্তব্য করা হয়েছে, তা সম্পূর্ণরূপে অসত্য, অনুমাননির্ভর, কল্পনাপ্রসূত, বিভ্রান্তিকর, দায়িত্বজ্ঞানহীন এবং মানহানিকর।

উক্ত অনলাইন কনটেন্টসমূহে যে ধরনের অভিযোগ বা ইঙ্গিত করা হয়েছে, বিশেষ করে বিভিন্ন রাষ্ট্রীয় সিদ্ধান্ত, নিয়োগ প্রক্রিয়া (বিশেষ করে কেন্দ্রীয় ব্যাংকের গভর্নর সংক্রান্ত) বা ব্যাংকিং খাত বা সরকারি প্রতিষ্ঠানের কার্যক্রমের সাথে এস. আলম গ্রুপ বা এর পরিচালকদের কল্পনানির্ভর সংযোগ স্থাপনের চেষ্টা করা হয়েছে, তা সম্পূর্ণ ভিত্তিহীন, বিভ্রান্তিকর, উদ্দেশ্যপ্রণোদিত এবং বাস্তবতার সাথে কোনো সম্পর্ক নেই। মাননীয় গভর্নরের ব্যবসা ও সম্পর্ক সংক্রান্ত রেকর্ড যেকেউ যাচাই করুক না কেন, আমরা নিশ্চিত করছি যে, এস. আলম গ্রুপ বা এর কোনো পরিচালক/মালিকের সঙ্গে কোনো ব্যবসায়িক বা অন্যান্য সম্পর্ক নেই।

এই ধরনের বক্তব্য ও উপস্থাপনার মাধ্যমে একটি প্রতিষ্ঠিত ব্যবসায়িক গ্রুপের  সুনাম ক্ষুণ্ণ করার পাশাপাশি জনমনে বিভ্রান্তি সৃষ্টির অপচেষ্টা করা হচ্ছে, যে ব্যবসায়িক গ্রুপটি দেশের বিভিন্ন শিল্প ও বাণিজ্যিক খাতে দীর্ঘমেয়াদী সফল ব্যবসায়িক রেকর্ড বজায় রেখেছে, জাতীয় কোষাগারে গুরুত্বপূর্ণ অবদান রাখছে, দেশের বেসরকারি খাতের ইতিহাসে সবচেয়ে বড় বিনিয়োগ করেছে এবং দেশের বিভিন্ন জরুরি খাতে গুরুত্বপূর্ণ অবদান রাখছে। গ্রুপটি ভবিষ্যতেও দেশের বেসরকারি বিনিয়োগ (FDI সহ) এবং কর্মসংস্থান বৃদ্ধিতে অবদান রাখতে প্রতিশ্রুতিবদ্ধ।

এস. আলম গ্রুপ দৃঢ়ভাবে এ ধরনের অপপ্রচার, ভিত্তিহীন অভিযোগ ও মানহানিকর উপস্থাপনার তীব্র প্রতিবাদ জানাচ্ছে। একই সঙ্গে সংশ্লিষ্ট ব্যক্তি, গণমাধ্যম ও অনলাইন প্ল্যাটফর্মসমূহকে অবিলম্বে এ ধরনের অসত্য ও বিভ্রান্তিকর কনন্টেট অপসারণ অথবা প্রয়োজনীয় সংশোধনের জন্য অনুরোধ জানানো হচ্ছে।

আমরা স্পষ্টভাবে জানাতে চাই যে, কোনো ব্যক্তি বা প্ল্যাটফর্ম যদি ইচ্ছাকৃতভাবে মিথ্যা, বিভ্রান্তিকর বা মানহানিকর তথ্য প্রচার অব্যাহত রাখে, তবে প্রতিষ্ঠানের সুনাম ও স্বার্থ রক্ষার্থে অবশ্যই প্রযোজ্য আইন অনুযায়ী প্রয়োজনীয় আইনি পদক্ষেপ গ্রহণ করা হবে।

গণমাধ্যমের স্বাধীনতা একটি গণতান্ত্রিক সমাজের গুরুত্বপূর্ণ ভিত্তি এবং আমরা তা সম্মান করি । তবে সেই স্বাধীনতার সাথে তথ্য যাচাই, পেশাগত দায়িত্ববোধ এবং নৈতিক মানদণ্ড অনুসরণ সমানভাবে প্রযোজ্য। তাই আমরা সংশ্লিষ্ট সকল ব্যক্তি, গণমাধ্যম এবং অনলাইন প্ল্যাটফর্মকে তথ্য প্রকাশের ক্ষেত্রে যথাযথ যাচাই বাছাই, পেশাগত সতর্কতা ও নৈতিক মানদণ্ড অনুসরণ করার আহ্বান জানাচ্ছি।

আমরা পুনরায় উল্লেখ করতে চাই যে, এস. আলম গ্রুপ সবসময় স্বচ্ছতা, জবাবদিহিতা এবং প্রযোজ্য আইন ও নিয়ন্ত্রক কাঠামোর প্রতি পূর্ণ শ্রদ্ধা রেখে তার ব্যবসায়িক কার্যক্রম পরিচালনা করে আসছে। প্রতিষ্ঠানের সুনাম, কর্মী, বিনিয়োগকারী এবং ব্যবসায়িক অংশীদারদের স্বার্থ রক্ষায় আমরা প্রতিশ্রুতিবদ্ধ এবং দায়িত্বশীল ব্যবসায়িক চর্চার মাধ্যমে দেশের অর্থনৈতিক উন্নয়নে অবদান রাখা এবং কর্মসংস্থান সৃষ্টি করা আমাদের অঙ্গীকার।

# S. Alam Group Strongly Refutes False, Misleading to the nation, and Defamatory Claims have been Publishing on different media and Online Platforms

S. Alam Group has recently observed the circulation of statements, allegations, and insinuations on certain online media outlets, blogs, and social media platforms concerning the Group and its directors. These statements are entirely unverified, fiction & imaginary, speculative, misleading, defamatory and without factual basis.

Some of the published content has attempted to associate S. Alam Group or its directors with state decisions, appointment processes (especially regarding the Central Bank Governor), banking sector activities, or the activities of government institutions. We categorically state that an examination of the Honorable Governor's business and relationship records would reveal no links, financial or otherwise, with S. Alam Group or its directors/owners.

Such attempts are completely baseless, misleading, and motivated, and bear no relation to reality. These statements appear to be deliberate efforts to damage the reputation of a respected business group in the country who has successful business record in the different industrial and commercial sectors in the country and significant contribution to the national ex-checker, biggest investment in the history of the country's private sector and in most emergency sector in the country and to create confusion among the public. The Group remains committed to contributing to the private investment sector, including FDI, and to supporting employment growth in the country in the future.

S. Alam Group strongly protests and condemns such misinformation, baseless allegations, and defamatory representations. At the same time, we urge the concerned individuals, media outlets, and online platforms to immediately remove such false and misleading content or make the necessary corrections.

We wish to make it clear that if any individual or platform continues to intentionally disseminate false, misleading, or defamatory information, S. Alam Group definitely takes appropriate legal action in accordance with applicable laws in order to protect its reputation and legitimate interests.

Freedom of the press is vital to a democratic society and we honor that. However, such freedom must be exercised with due responsibility, including proper verification of information, professional integrity, and adherence to ethical standards. We therefore call upon all concerned individuals, media organizations, and online platforms to ensure due diligence, professional caution, and ethical standards when publishing information.

We reaffirm that S. Alam Group conducts its business operations fully in compliance with applicable laws, regulations, and directives of the relevant authorities. The Group remains committed to transparency, accountability, and responsible business practices, while contributing to the country's economic growth and employment generation. Protecting the interests of our employees, investors, and business partners continues to be a priority for the organization.